গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
নাটোর।
deonatore_2010@yahoo.com

স্মারক নং-জেশিঅ/নাট/২০২৬/ ৮৯৪৯ তারিখ: ০৭/০৫/২০২৬খ্রি.

বিষয়: জেলা উন্নয়ন সমন্বয় কমিটির এপ্রিল ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: জেলা উন্নয়ন সমন্বয় কমিটির এপ্রিল ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী তারিখ: ১৯ এপ্রিল ২০২৬খ্রি.
নম্বর - ০৫.৪৩.৬৯০০.০০০.০০৬.০৬.০০০১.১৬.৭৯

জেলা উন্নয়ন সমন্বয় কমিটির এপ্রিল ২০২৬ মাসে অনুষ্ঠিত সভা জেলা প্রশাসক, নাটোরের সভাপতিত্বে ১৯ এপ্রিল ২০২৬ খ্রি. জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে ক্রমিক নং ২১ এ সর্বসম্মতিক্রমে কিছু সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অগ্নি-নিরাপত্তা, স্বাস্থ্য ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন করতে বলা হয়। এ জেলার সকল বিদ্যালয়গুলোতে বার্ষিক পরীক্ষার রেজাল্টে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হার, অর্ধ-বার্ষিক পরীক্ষা ও নিয়মিত ক্লাস পরীক্ষা চালুকরনসহ নম্বরগুলো সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট সকলকে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুরোধ করা হলো।

০৭.৫.২০২৬
(মোঃ রোস্তম আলী হেলালী)
জেলা শিক্ষা অফিসার
নাটোর
০১৫৮৮৮৭৩৭১৮

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নাটোর সদর, নাটোর।
E-mail:useonatoresadar@yahoo.com

স্মারক নং-উমাশিঅ/নাট-সঃ/২০২৬/৮৮১ তারিখঃ ১০/০৫/২০২৬ খ্রি

উপর্যুক্ত বিষয়ে পত্রের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে যথাযথ অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১০/০৫/২৬
(মোসাঃ নাজনীন সুলতানা)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নাটোর সদর, নাটোর।

প্রাপক,
অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সুপার

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | জেলা শিক্ষা অফিস, নাটোর | জেলা শিক্ষা অফিসার, নাটোর সভায় জানান যে, জাতীয়করণকৃত কলেজসমূহের বিষয়ভিত্তিক সৃষ্টপদ, শূন্যপদ এবং কর্মরত নন-ক্যাডার শিক্ষক ও কর্মচারীদের তথ্য সংশ্লিষ্ট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে অগ্নি-নিরাপত্তা নিশ্চিতকরণের অগ্রগতি সম্পর্কে মাউশি অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। NTRCA-এর মাধ্যমে ২০২৫ সালে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের তথ্য যথাযথভাবে প্রেরণ করা হয়েছে। পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে স্বাস্থ্য ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে এবং বিশুদ্ধ পানীয় জল, পরিষ্কার-পরিচ্ছন্ন টয়লেট ও প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি নিশ্চিত করা হচ্ছে। সভাপতি বলেন যে, শিক্ষার্থীদের মূল্যায়ন পদ্ধতি আরও কার্যকর করতে বার্ষিক পরীক্ষার ফলাফলের সাথে উপস্থিতির হার, অর্ধ-বার্ষিক পরীক্ষা এবং ক্লাস পরীক্ষার নম্বর সমন্বয় করা প্রয়োজন। এতে শিক্ষার্থীদের সার্বিক মূল্যায়ন আরও বাস্তবসম্মত হবে। | ১। শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে অগ্নি-নিরাপত্তা, স্বাস্থ্য ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন করতে হবে।<br>২। শিক্ষার্থীদের সার্বিক মূল্যায়ন নিশ্চিত করতে বার্ষিক পরীক্ষার ফলাফলের সাথে উপস্থিতির হার, অর্ধ-বার্ষিক ও ক্লাস পরীক্ষার নম্বরসমূহ সমন্বয় করে মূল্যায়ন পদ্ধতি কার্যকরভাবে বাস্তবায়ন করতে হবে। | জেলা শিক্ষা অফিসার, নাটোর |

CamScanner